কানাইঘাট দিঘীরপাড় পূর্ব ইউনিয়নে ভিজিটির চাল বিতরন

কানাইঘাট প্রতিনিধি :
কানাইঘাট দিঘীরপার পূর্ব ইউনিয়নের ১৮৪টি পরিবারের কার্ডধারীদের মধ্যে সরকারি ভিজিটির চাল বিতরন করা হয়েছে। আজ সোমবার দুপুর ১২টায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে কার্ডধারীদের মাঝে ভিজিটির ৩০ কেজি করে চাল তুলে দেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন কাজল। এ সময় উপস্থিত ছিলেন কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, দপ্তর সম্পাদক মুমিন রশিদ, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক শাহিন আহমদ বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ। চাল বিতরন কালে চেয়ারম্যান আলী হোসেন কাজল বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের দরিদ্র মানুষের ভাগ্যের পরিবর্তন ও দেশ থেকে দারিদ্রতা নির্মূলের লক্ষে নানা ধরনের যোগান্তকারী পদক্ষেপ গ্রহন করেছেন। সব ধরনের ভাতার টাকা বৃদ্ধি সহ ইউনিয়ন পর্যায়ে দরিদ্র লোকজনদের জীবনমান উন্নয়নের লক্ষে নানা ধরনের অর্থনৈতিক সেবা মূলক কার্যক্রম সহ ভিজিটি ও ভিজিএফ এর নামের তালিকা বাড়ানো সহ শতভাগ বয়স্ক ভাতা, বিধবা ভাতা, পঙ্গু ভাতার করে দিয়েছেন যার সুফল আমরা সবাই পাচ্ছি। ভবিষৎতে প্রধান মন্ত্রী শেখ হাসিনা ভিজিটি ও ভিজিএফ এর কার্ডধারীরা যাতে করে আরো উন্নত জীবন যাপন করতে পারেন এ জন্য নানামূখী উদ্দোগ নিয়েছেন।